ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩১০০(আগরতলা-২৯।১২)

শান্তিরবাজার,২৯ ডিসেম্বর,২০১৯

**রাজ্যবাসীর সামগ্রিক স্বার্থে রাজ্য সরকার কাজ করে চলেছে : মুখ্যমন্ত্রী**

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আজ দক্ষিণ ত্রিপুরা জেলার জোলাইবাড়ি ব্লকের অন্তর্গত কোয়াইফাং এডিসি এলাকা পরিদর্শন করেন। মুখ্যমন্ত্রী প্রথমে বীরেন্দ্রনগর এডিসি ভিলেজের অন্তর্গত নারদপাড়ার বিশাল জলাশয়টি ঘুরে দেখেন। নারদপাড়া জলাশয়টি প্রায় সাড়ে তিন কিলোমিটার এলাকা নিয়ে বিস্তৃত। পরিদর্শনকালে মুখ্যমন্ত্রীর সাথে ছিলেন বিধায়ক শঙ্কর রায়, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সহকারী সভাধিপতি বিভীষণ চন্দ্র দাস, জোলাইবাড়ি বি এ সি-র চেয়ারম্যান অংক মগ চৌধুরী, অতিরিক্ত সচিব ডা. মিলিন্দ রামটেকে, জেলার জেলাশাসক দেবপ্রিয় বর্ধন, পুলিশ সুপার জলসিং মিনা, মহকুমাশাসক, বিডিও প্রমুখ। মুখ্যমন্ত্রী নারদপাড়া জলাশয় পরিদর্শনকালে এই জলাশয়কে কেন্দ্র করে সমবায় পদ্ধতিতে মৎস্যচাষ করে এলাকার জনগণের যাতে উপার্জনের ব্যবস্থা করা যায় তার ব্যবস্থা করতে স্থানীয় জনপ্রতিনিধি এবং প্রশাসনিক আধিকারিকদের নির্দেশ দেন। রাজ্য সরকার এই কাজে পূর্ণ সহায়তা করবে বলে তিনি আশ্বাস দেন।

নারদপাড়া জলাশয় পরিদর্শনের পর মুখ্যমন্ত্রী এই ভিলেজের বীরমন্তপাড়া পরিদর্শনে যান। সেখানে গিয়ে গতকাল প্রয়াত বীরমন্ত রিয়াং-র বাড়িতে যান এবং তাঁর পরিবারের সদস্যদের সাথে মতবিনিময় করেন। এছাড়াও ঐ এলাকার প্রয়াত জনজাতি মহিলা সুপ্রিয়া মগের বাড়িতে যান এবং তার পরিবারের সদস্যদের সাথে মতবিনিময় করেন। এরপর মুখ্যমন্ত্রী বীরমন্তপাড়ার জনজাতি অংশের জনগণের সাথে মতবিনিময় করেন। জনগণ মুখ্যমন্ত্রীকে কাছে পেয়ে এলাকার বিভিন্ন সমস্যা যেমন রাস্তাঘাট, পানীয় জল, ব্রীজ ইত্যাদির কথা তুলে ধরেন। মুখ্যমন্ত্রী এলাকাবাসীর অভাব অভিযোগ মনযোগ দিয়ে শুনেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রতিশ্রুতি দেন। বীরমন্তপাড়ার পর মুখ্যমন্ত্রী তৈরুমা কোয়াইফাং এডিসি ভিলেজের চরণসিং ত্রিপুরা পাড়া পরিদর্শন করেন। চরণসিং ত্রিপুরাপাড়া পরিদর্শনকালেও এলাকার জনজাতি অংশের জনগণের সাথে মুখ্যমন্ত্রী মতবিনিময় করেন এবং জনগণের বিভিন্ন অভাব অভিযোগ শোনেন। সাথে সাথে আধিকারিকদের স্থানীয় সমস্যা নিরসনে প্রয়োজনীয় উদ্যোগ নিতে নির্দেশ দেন। চরণসিং ত্রিপুরাপাড়ায় ধনঞ্জয় ত্রিপুরা, রামবাহাদুর রিয়াং এবং অন্যদের সাথেও মুখ্যমন্ত্রী মতবিনিময় করেন। মুখ্যমন্ত্রী চরণসিং ত্রিপুরাপাড়া পরিদর্শন শেষে সাংবাদিকদের সাথে কথা প্রসঙ্গে বলেন গ্রামীণ এলাকার উন্নয়ন নিয়ে জনসাধারণের বক্তব্য কি তা জানার লক্ষ্যেই তার এই পরিদর্শন। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যবাসীর সামগ্রিক স্বার্থে রাজ্য সরকার কাজ করে চলেছে। কোয়াইফাং এলাকার সকল অংশের জনগণের উন্নয়নে রাজ্য সরকার দায়বদ্ধ। মুখ্যমন্ত্রী কোয়াইফাং বাজারের পাশে অবস্থিত ত্রিপুরা স্টেট রাইফেলস-এর নবম বাহিনীর ক্যাম্পটিও পরিদর্শন করেন এবং জওয়ানদের সাথে মতবিনিময় করেন। মুখ্যমন্ত্রীর পরিদর্শনকে কেন্দ্র করে কোয়াইফাং এলাকার জনজাতিদের মধ্যে ব্যাপক উৎসাহ লক্ষ্য করা যায়।

*****